রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “এমন দুটি নিয়ামত আছে, বহু মানুষ সে দু’টির ব্যাপারে ধোঁকায় আছে। (তা হল) সুস্থতা ও অবসর।”

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, “এমন দুটি নিয়ামত আছে, বহু মানুষ সে দু’টির ব্যাপারে ধোঁকায় আছে।
(তা হল) সুস্থতা ও অবসর।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

মানুষের ওপর আল্লাহর নি‘আমতসমূহ হতে এমন দুটি নিয়ামত আছে, যে দুটির মূল্য সে জানে না এবং সে এ দু’টির মধ্যে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আর সে দুটি হলো দৈহিক সুস্থতা ও অন্তরের অবসরতা।” কারণ, একজন মানুষ ইবাদাতের জন্য ততক্ষণ পর্যন্ত অবসর হতে পারে না যতক্ষণ না সে সুস্থ হবে। কারণ, কখনো সে অভাবহীন হবে, কিন্তু সুস্থ থাকবে না। আবার কখনো সে সুস্থ থাকবে কিন্তু অভাবহীন থাকবে না। ফলে সে কামাই রুজির জন্য ব্যস্ত থাকার কারণে ইলম ও আমলের জন্য অবসর হয় না। সুতরাং যার জন্য দুটি জিনিস হাসিল হবে এবং ইবাদতে অলসতা করবে সে অবশ্যই ক্ষতি গ্রস্থ হবে। অর্থাৎ, ব্যবসায় ক্ষতিগ্রস্থ।

https://sunnah.global/hadeeth/bn/show/5449